



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

www: brur.ac.bd

স্মারক নম্বর- বেরোবি/রেজিঃ/কর্মকর্তা নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২৩/৮৮৪

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞাপিত পদে আবেদনের শর্তাবলী

সহকারী রেজিস্ট্রার (জাতীয় বেতন স্কেল: ২০১৫ অনুযায়ী) ২৯,০০০-৬৩,৪১০/- (গ্রেড-৭)	০১. প্রার্থীকে সরকারি/সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে যে কোন বিষয়ে স্নাতক(সম্মান) সহ স্নাতোকত্তর ডিগ্রিধারী হতে হবে। ০২. শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ০৩. সরকারি/স্বয়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির (গ্রেড-৯) পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ০৪. কম্পিউটার পরিচালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ০৫. বয়স অনূর্ধ্ব ৩৫ বছর। ০৬. অভ্যন্তরীণ প্রার্থীদের বয়স ও মোট অভিজ্ঞতার ক্ষেত্রে যে কোন ০১(এক) টি শর্ত শিথিল করা যেতে পারে।
--	--

অন্যান্য শর্তসমূহ:

১	প্রার্থীকে আবেদন ফরমের সঙ্গে (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি প্রতি সেট আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে (ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি (ঙ) সহকারী রেজিস্ট্রার পদের জন্য ০৭(সাত) সেট আবেদন ফরম জমা দিতে হবে।
২	চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৩	প্রার্থীকে পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।
৪	প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ০৭/- (সাত) টাকার ডাক টিকিট সংযুক্ত ২৪X১১সে:মি:/১০X ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদন ফরমের সাথে দিতে হবে।
৫	প্রাপ্ত আবেদন ফরম সমূহ বাছাইয়ের পর নিয়োগের জন্য লিখিত পরীক্ষার মাধ্যমে শর্টলিষ্ট তৈরি করে বাছাই বোর্ডের মাধ্যমে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। এ জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
৬	ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন ফরম (গ্রহণের শেষ তারিখের পর) গ্রহণ করা হবে না।
৭	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল, সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

প্রকৌশলী মোহাম্মদ আলমগীর চৌধুরী
রেজিস্ট্রার
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
ই-মেইল: registrar@brur.ac.bd



স্মারক নম্বর- বেরোবি/রেজিঃ/কর্মকর্তা নিয়োগ-বিজ্ঞপ্তি(শর্তাবলী সংশোধন)/২০২৩/৯১৪

তারিখ:

২৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ

১১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

কর্মকর্তা নিয়োগ বিজ্ঞপ্তির আবেদনের শর্তাবলী সংশোধিত বিজ্ঞপ্তি:

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর কর্তৃক গত ২১ জুন ২০২৩/০৭ আষাঢ় ১৪৩০ তারিখ কর্মকর্তা (সহকারী রেজিস্ট্রার) নিয়োগের জন্য প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির (যাহার স্মারক নং-বেরোবি/রেজিঃ/কর্মকর্তা-নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২৩/৮৮৪; তারিখ ২১ জুন ২০২৩/০৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ) নিয়োগের শর্তাবলীর ক্রমিক নং ০৬-এ উল্লিখিত অভ্যন্তরীণ প্রার্থীদের বয়স ও মোট অভিজ্ঞতার ক্ষেত্রে যে কোন ০১(এক) টি শর্ত শিথিল করা যেতে পারে-এর পরিবর্তে ক্রমিক নং ০৬-এ হবে শুধুমাত্র ৯ম অথবা তদুর্ধ্ব গ্রেডে কর্মরত অভ্যন্তরীণ প্রার্থীদের বয়স অথবা মোট অভিজ্ঞতার ক্ষেত্রে যে কোন ০১(এক) টি শর্ত শিথিল করা যেতে পারে।

স্বাক্ষরিত/-

প্রকৌশলী মোহাম্মদ আলমগীর চৌধুরী

রেজিস্ট্রার

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

ই-মেইল: registrar@brur.ac.bd